# এয়ার অ্যাম্বুলেন্সে প্রযুক্তিগত ত্রুটি, খালেদা জিয়ার লন্ডন যাত্রা পিছিয়ে যেতে পারে



সংগৃহীত ছবি

রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে লন্ডনে নেওয়ার প্রস্তুতিতে নতুন জটিলতা দেখা দিয়েছে। কাতারের আমিরের পক্ষ থেকে পাঠানো বিশেষ এয়ার অ্যাম্বুলেন্স বৃহস্পতিবার রাতে ঢাকায় পৌঁছানোর কথা থাকলেও হঠাৎ উদ্ভূত ‘প্রযুক্তিগত ত্রুটি’র কারণে ফ্লাইট বিলম্ব হতে পারে বলে জানা গেছে।

বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) বিএনপি মিডিয়া সেলের সদস্য আতিকুর রহমান রুমন বিষয়টি নিশ্চিত করেন। একইদিন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্ত্রী ডা. জুবাইদা রহমান লন্ডন সময় সন্ধ্যা ৬টায় (বাংলাদেশ সময় রাত ১২টা) ঢাকার উদ্দেশে রওনা হন। তিনি শুক্রবার সকাল সাড়ে ৯টায় ঢাকায় পৌঁছানোর কথা রয়েছে।

রাতেই বিএনপি মিডিয়া সেলের আরেক সদস্য শায়রুল কবির খান জানান, কাতার থেকে খালেদা জিয়াকে আনতে পাঠানো এয়ার অ্যাম্বুলেন্সে প্রযুক্তিগত সমস্যা দেখা দেওয়ায় যাত্রায় বিলম্ব অনিবার্য হয়ে পড়েছে। তিনি বলেন, “এয়ার অ্যাম্বুলেন্স কাতার থেকে উড্ডয়নের পরই আমরা আনুষ্ঠানিকভাবে জানাব।”

LENS ASIA

বিএনপি সূত্রের তথ্য অনুযায়ী, ঢাকায় পৌঁছে ডা. জুবাইদা রহমান সরাসরি বিশেষ এয়ার অ্যাম্বুলেন্সে উঠবেন এবং সেখান থেকে খালেদা জিয়াকে নিয়ে লন্ডনের উদ্দেশে যাত্রা করবেন। পুরো প্রস্তুতি প্রক্রিয়া বিবেচনায়, খালেদা জিয়ার লন্ডনযাত্রা শুক্রবার সকাল ১০টার পরেই শুরু হতে পারে বলে ধারনা করা হচ্ছে।

এছাড়া জানা গেছে, জুবাইদা রহমান ঢাকায় পৌঁছানোর পরই খালেদা জিয়াকে এয়ার অ্যাম্বুলেন্সে তোলার চূড়ান্ত প্রস্তুতি নেওয়া হবে। ফলে যাত্রা শুরুর সময় কয়েক ঘণ্টা পেছানোর সম্ভাবনা বেশ বেশি।